# ভূমিকা

পরলোকগত অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের সাহিত্য-জীবনের প্রসার বাঙ্গলার বাহিরে এবং বাঙ্গলা সাহিত্যের আবহাওয়ারও বাহিরে, সুদূর ব্রহ্মদেশে। ব্রহ্মদেশ হইতেই শরৎচন্দ্রের বঙ্গবিশ্রুত নাম। একথা সকলের জানা থাকিলেও, তাঁহার ব্রহ্মবাস কালের বিবরণ অতি অল্প লোকেই অবগত আছেন। যৌবনকালের বহুলাংশই তাঁহার ব্রহ্ম-প্রবাসে কাটিয়াছে। তিনি সেখানে একটী সরকারী অফিসের কেরানী ছিলেন। লোকে তাঁহাকে একজন গায়ক বলিয়াও জানিত। কিন্তু তাঁহার চিত্রশিল্পানুরাগের কথা, তাঁহার দরদী অন্তরের কথা, তাঁহার অধ্যয়নানুরাগ ও সাহিত্য-সাধনার কথা, সেখানকার দুই-একজন বিশেষ অন্তরঙ্গ বন্ধু ব্যতীত অপর কেহ জানিবার সুযোগ পান নাই।

পঞ্চদশ বৎসর পূর্ব্বের কথা। শরৎচন্দ্র তখন হাওড়া শিবপুরে বাস করিতেছিলেন। সেই সময় (১৩৩২ সালের শেষ ভাগে) রেঙ্গুন হইতে শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সরকার নামক একজন অপরিচিত ভদ্রলোক আমায় পত্রদ্বারা জানান যে, যদি আমার সম্পাদিত "বাঁশরী" পত্রিকায় ছাপিতে রাজি হই, তাহা

হইলে তিনি শরৎচন্দ্রের ব্রহ্ম-প্রবাস কালের চিত্তাকর্ষক বিবরণ ধারাবাহিকভাবে লিখিয়া পাঠাইতে পারেন। আমি পত্রোত্তরে সম্মতি জানাইয়া, তাঁহাকে প্রথম কিস্তি লেখা পাঠাইতে বলি। যথাসময়ে লেখা আসিয়া পৌঁছায় এবং পাঠ করিয়া আনন্দিত হই। কিন্তু একবার শরৎচন্দ্রকে জিজ্ঞাসা না করিয়া ছাপিতে সাহস করি না। সেজন্য লেখাটী কিছুকাল চাপা পড়িয়া থাকে। পরে একদিন শরৎচন্দ্রের সহিত সাক্ষাৎ করিয়া রেঙ্গুনের যোগেন্দ্রনাথ সরকারের কথা জিজ্ঞাসা করিলে তিনি বলেন, "আরে, আমাদের যোগীন সরকার, খুব জানি। সেই লিখে পাঠিয়েছে, সে ত সবই জানে।" আমিও নিশ্চিন্ত হইলাম। কয়েক বৎসর পরে যোগেন্দ্রবাবু কলিকাতায় আসেন ও আমার সহিত সাক্ষাৎ করেন। সেই সময়ে তাঁহার সহিত আমার চাক্ষুষ পরিচয়।

১৩৩৩ সালের জ্যৈষ্ঠ সংখ্যার "বাঁশরী"তে 'ব্রহ্ম-প্রবাসে শরৎচন্দ্র' প্রথম প্রকাশিত হইল। সকলে ভালই বলিলেন। তাহার পর প্রতিমাসেই চলিতে লাগিল। পরবর্ত্তী বৎসরেও চার সংখ্যায় উহা প্রকাশিত হইয়াছিল। শরৎচন্দ্র নিয়মিত "বাঁশরী" পাঠ করিতেন। প্রকাশিত বিবরণ সম্বন্ধে সে সময়ে বা পরে কখনও তিনি কোন ক্রুটী প্রদর্শন করেন নাই।

তখনকার প্রকাশিত সেই বিবরণই বিষয়ভেদে নূতন ভাবে একত্রিত এবং পুনরায় সম্পাদিত করিয়া বর্ত্তমানে পুস্তকা-

শ্রীনরেন্দ্রনাথ বসু প্রণীত

# মানস-কমল

মর্ম্মস্পর্শী ছোটগল্পের সমষ্টি।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ও সাহিত্যাচার্য্য শরৎচন্দ্র কর্ত্তৃক বিশেষ প্রশংসিত।

'প্রবাসী' লিখিয়াছেন—"এই সুন্দর ছোটগল্পগুলি বর্ত্তমান বাঙলা গল্পসাহিত্য-রাবিশের মধ্যে মণি মুক্তার মত জ্বলজ্বলে।"

এন্টিকে ছাপা, সুন্দর বাঁধাই—এক টাকা।

প্রকাশক—গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স
২০৩।১।১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা

মামার ছবি আঁকবার বেশ সুবিধা হবে এখানে কি বল?'—
লিয়া, নিজের প্রশ্নে নিজেই মনের আনন্দে হাসিতে লাগিলেন।

বৎসরটী ঠিক মনে নাই, খুবই সম্ভব ইংরেজী ১৯০৯ সালের
ায় মাঝামাঝি সময়টা হইবে। তখন আমি শরৎবাবুর বাসায়
ায় ফি রবিবারেই একবার করিয়া যাইতাম। এক রবিবার
ায়া জিজ্ঞাসা করিলাম, 'কই শরৎদা! সাধু এখন আসে টাসে না?'
িনি উত্তর করিলেন, 'নাহে সরকার। আর তার আস্‌বার দরকার
ড়েনি।' 'তা হলে ত আপনার হাত যশ আছে দেখচি!' বলিতেই
িনি একটুখানি চোখ টিপিয়া হাসিয়া কহিলেন, 'তাহলে বোঝ
ায়া আমার কেরামত। এখন দেখবে সাধুকে একবারটী ত এসো।'
লিয়াই আমার হাত ধরিয়া টানিতে টানিতে বারান্দায় লইয়া
ালেন। পরে সাধুর বাড়ীর দিকে তাকাইয়া বলিয়া উঠিলেন,
ইবার ছাখ সত্যি মিথ্যে।' দেখিলাম, সাধু বারান্দায় পূর্ব্ব
। হইয়া চোখ বুজিয়া গলবস্ত্রে যোড়হাতে দাঁড়াইয়া আছে।

মুহূর্ত্ত কাল মধ্যে সাধুর ধ্যান ভঙ্গ হইতেই শরৎবাবু তাহাকে
াধন করিয়া বলিলেন, 'কি হে সাধু! কুশল ত?' সাধু এই
কস্মিক প্রশ্নে প্রথমটায় আচম্‌কার মতন একটুখানি আমাদের
নের দিকে তাকাইয়া রহিল। পরে কপালে দুই হাত
াইয়া গলবস্ত্র অবস্থায়ই বলিয়া উঠিল, 'এই যে দাঠাকুর। প্রাতঃ
াম।'

শরৎবাবু পুনরায় প্রশ্ন করিলেন, 'বলি ভাল আছ ত হে সাধু?'

আমার অনাগত, আমার অনাহত
তোমার বীণা তারে বাজিছে তারা,
জানি হে জানি তাও হয়নি হারা।'

বলিতে বলিতে শরৎচন্দ্রের নয়নযুগল অশ্রুসিক্ত হইয়া উঠিল। বুঝিলাম, ইহাই কবিতার প্রকৃত উপলব্ধি। ক্ষণকাল পরে জিজ্ঞাসা করিলাম, 'কিন্তু একটা মজা দেখতে পাচ্চেন ত? মাইকেল, হেম, নবীনের মধ্যে কে বড় কে ছোট, এ নিয়ে বচসা তর্ক-বিতর্ক, এমন কি মারামারি পর্য্যন্তও হবার উপক্রম হয়ে থাকে, জানি, কিন্তু রবিবাবু সম্বন্ধে ওরূপ তুলনা কেউ কর্ত্তে যায়ও না, বরং এই কথাই বলতে শুনি অনেককে, 'রবিঠাকুরের কবিতা বড্ডই শক্ত।'

'শক্ত যে সে কথা ঠিক। কিন্তু সেই শক্তটুকুকে সহানুভূতির তাপে নরম করতে পারলে যে জিনিষটী দাঁড়ায়, সেটীকে মর্ম্ম দিয়ে উপলব্ধি করতে হয়, নচেৎ কবিতা বুঝতে যাওয়া বিড়ম্বনা মাত্র। কবিতা জিনিষটী এমন হওয়া চাই, যা পড়তে ভাল—শুনতে ভাল, একবার পড়ে বা শুনে যাতে তৃপ্তি হয় না, যার ভেতরে এমন একটা উচ্চাঙ্গের ভাব রয়েছে, যা সহজ ধারণার অতীত। নইলে 'তুমি মারলে ধাক্কা, আমি মারলাম ঠ্যালা' একে কি কবিত্ব বলে? এ হচ্চে ওই শ্রীমান বাঁশীমোহনের, 'ওহে তাল গাছ! তুমি কেন এত লম্বা, ভীত জগদম্বা'—গোছের কবিতা। ওরে বঙ্গা! তুই এ সম্বন্ধে কি বলিস্ বল্‌ত?'

'কি বলছিস্—বল্ না?' বলিয়া বঙ্গচন্দ্র জিজ্ঞাসু নেত্রে শরৎচন্দ্রের

লাগিলেন। কথাটার মধ্যে যে একটুখানি ইঙ্গিত ছিল, এবং ইঙ্গিতটা কাহার প্রতি তাহাই বলিতেছি।

ঐ সময় খ্যাতনামা লেখক প্রভাতবাবু বাদে আরও দুই একজন লেখক কথা-সাহিত্যে বেশ একটু খ্যাতিলাভ করিতেছিলেন। আমি যে লেখকটীর কথা একদিন প্রসঙ্গ ক্রমে শরৎবাবুর কাছে উল্লেখ করিয়াছিলাম, তিনি তখন 'ভারতী'র লেখক। অবশ্য স্বদেশী যুগের প্রথম আমলে উক্ত লেখকেরই জোরালো ভাষার গুটীকয়েক কবিতা প্রথম প্রথম পড়িয়া আমাদের মনে ধারণা জন্মিয়াছিল যে এই নব্য লেখকের ভিতরে এমন একটা শক্তি প্রচ্ছন্ন আছে যাহাকে সুনিয়ন্ত্রিত রূপে সাধনা করিলে বাংলা সাহিত্যে লেখকের একটী স্থান স্থায়ী ভাবে নির্দ্দিষ্ট হইয়া যাইবে। ইঁহারি দুই তিনটী গল্প 'ভারতী'তে পড়িয়া আমরা কয়েকটী বন্ধু যারপর-নাই মুগ্ধ হইয়াছিলাম। পরে যখন ইঁহার গল্পের বই বাজারে বাহির হইল, তখন একদিন কথায় কথায় শরৎবাবুকে বলিলাম, 'শরৎদা। এক খানা সুন্দর গল্পের বই বেরিয়েছে, পড়তে এত ভাল যে চোখের জল রাখা যায় না।'

লেখকের নাম শুনিয়া তিনি জবাব করিলেন 'ওঃ! অমুক ত! ও বেশ লেখে।...কেউ জিজ্ঞাসা করলে আমাকেই গুরু বলে পরিচয় দেয়।' আমিও প্রত্যুত্তর করিয়া বসিলাম, 'তা বটে! কিন্তু দেখছি শিষ্য বিদ্যা গরীয়সী।'

একটুখানি হাসিয়া শরৎবাবু জবাব করিলেন, 'ওহে আমিও নেহাৎ মন্দ লিখিনে। লিখলে অনেকের চেয়েই বোধ হয় ভাল লিখতে পারি।'

শরৎবাবু আমাদের এবং ফণীবাবুর উৎসাহে যখন দ্বিতীয় মাসে 'রামের সুমতি' গল্পটী যে ভাবে খাড়া করিয়া যমুনায় প্রকাশ করিলেন—তাহাতে সত্যসত্যই পাঠক মহলে একটা সাড়া পড়িয়া গেল। যাঁহারা পূর্ব্বে শরৎচন্দ্রের প্রতিভা সম্বন্ধে একটা ভ্রান্ত ধারণা পোষণ করিয়াছিলেন, দেখা গেল তাঁহাদের অনেকেরই মত পরিবর্ত্তিত হইয়াছে। অচিরেই তাঁহাদের উদ্ভাসিত প্রশংসা লেখকেরও কর্ণে গিয়া প্রবেশ করিল। তিনি ইহাতে একটুখানি হাসি চাপিবার ব্যর্থ চেষ্টা করিলেন। অন্তরের বিপুল আনন্দ কোন বাধা বন্ধনই মানিল না—ওষ্ঠপ্রান্ত দিয়া ও দুইটী চোখের কোণ ছাপাইয়া উছলিয়া উছলিয়া উঠিতে লাগিল।

•

আমাদের অফিসের অনতিদূরে একটী চায়ের দোকান আছে। সেই দোকানটীতে শরৎবাবু ও আমি ঠিক কাঁটায় কাঁটায় দুইটা বাজিলে চা খাইতে যাইতাম। টিফিনের ছুটিমাত্র অর্দ্ধ ঘণ্টা। কিন্তু এ সম্বন্ধে আমাদের অফিসের উপরওয়ালারা কোন কালেই তেমন কড়াকড় ছিলেন না বলিয়া আমরাও অনায়াসে এই সনাতন নীতিটী উল্লঙ্ঘন করিয়া চলিতাম। তখন শরৎবাবু খুব জোরসে গল্প লিখিতেছেন। রামের দুর্ম্মতি ঘুচিয়া গিয়া যখন এক মুহূর্ত্তে সে সুমতি ফিরিয়া পাইল, তখন আমাদেরও অনেকেরই এমন মনে হইয়াছিল, এ সুমতিটা বোধ হয় রামের সঙ্গে সঙ্গে শরৎবাবুও ফিরিয়া পাইলেন।

এই চায়ের দোকানে বসিত আমাদের উভয়ের সাহিত্যের

জায়গায়ই চলেছে, কেবল ওই যাতে সমাজের ভিত্তি সুদৃঢ় হয় সেই জায়গাটাতেই যত তফাৎ। এইটেই হচ্ছে ভণ্ডামী। কনোজের পঞ্চ ব্রাহ্মণের বংশধর সবাই, তবে কেন আজও বল্লালী ব্যবস্থাকে অত উঁচু করে ধরি, যে যার মতে নিজ নিজকে মর্য্যাদাসম্পন্ন মনে করে পরস্পরের মধ্যে একটুখানি ফাঁক রেখে যাচ্ছি, বিশেষতঃ এই যুগে?' আর কথা বলিবার অবসর হইল না। হঠাৎ তাকাইয়া দেখি দিগদিগন্ত কালো মেঘে ছাইয়া গিয়াছে, হয়ত বা শীঘ্রই ঝড় উঠিবে। তখনই উভয়ে দ্রুতপদে প্রস্থান করিলাম। কিন্তু বেশী দূর অগ্রসর হইতে হইল না। রাস্তার পাশেই একটী চায়ের দোকান চোখে পড়িল, চক্ষের পলকেই টিনের চালের উপর বৃষ্টি পড়িতে লাগিল ঝম্ ঝম্ ঝম্ !!! আমরা সেখানে গিয়া উঠিলাম।

যেমনি ঝম্ ঝম্ করিয়া অজস্র ধারায় বৃষ্টি পড়িতে লাগিল, তেমনি দুম্ দাম্ শব্দে আকাশের বুকে মেঘের কামান গর্জ্জিতে লাগিল, সঙ্গে সঙ্গে তাহার সহোদর পবনদেবও আসিয়া জুটিলেন। দেখিতে দেখিতে চোখের সাম্‌নে কয়েকটা বড় বড় গাছ মড়্ মড়্ করিয়া ভাঙ্গিয়া পড়িল।

শরৎচন্দ্র দোকানের মালিক 'কাকা'কে দুই পেয়ালা চা ও তদানুসঙ্গিক কিছু আহার্য্যের জন্য অর্ডার দিলেন। দেবতাদের যে অত্যাচার কে বা কার চা রুটি খায়, প্রতি মুহূর্ত্তেই মনে হইতে লাগিল দোকানের সেই ছোট টিনের ঘরটীর যেন আয়ু শেষ হইয়া আসিতেছে।

শরৎবাবু আমার রকম দেখিয়া মন্তব্য প্রকাশ করিলেন, 'ওহে

